# বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ

বন্দর, নারায়ণগঞ্জ।

স্মারক নং-বগাস্কুক/৮/২৫ তারিখ ঃ ০৪ ডিসেম্বর ২০২৫খ্রি.

## <u>নিলাম বিজ্ঞপ্তি</u>

এতদ্বারা নিলামে অংশগ্রহণকারী (ট্রেড লাসিন্সেধারী) ঠিকাদারি প্রতিষ্ঠানকে বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ এর একটি ৩(তিন) তলা পুরাতন ভবন অপসারণের জন্য নিলামে বিক্রয়ের নিমিত্তে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক. দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় ঃ ১০ ডিসেম্বর ২০২৫খ্রি. সকাল ১০ ঘটিকা থেকে বেলা ২ ঘটিকা।
খ. দরপত্র সিডিউল মূল্য ঃ ৫০০০(পাঁচ হাজার) টাকা
গ. দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান ঃ বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ অফিস ।
ঘ. দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ২৯ ডিসেম্বর ২০২৫খ্রি. বেলা ২ ঘটিকা পর্যন্ত।
ঙ. দরপত্র জমা ও খোলার স্থান ঃ বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ অফিস ।
চ. দরপত্র খোলার তারিখ ও সময় ঃ ৩০ ডিসেম্বর ২০২৫খ্রি. বেলা ২ ঘটিকা।
ছ. দরপত্রের সঙ্গে দাখিলকৃত দরের ৫০% টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট রে মাধ্যমে অধ্যক্ষ,বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ ,বন্দর, নারায়ণগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
জ. দরপত্রের সিডিউল সংগ্রহের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাডে নিম্ন স্বাক্ষরকারী বরাবর আবেদনের মাধ্যমে সংগ্রহ করতে হবে।
ঝ. অফিস চলাকালীন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ভবন সরজমিনে পরিদর্শন করা যাবে। দরপত্র বাক্স খোলার সময় দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত থাকতে হবে।

শর্তাবলী ঃ

১. ঠিকাদারি প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর কপি (সংযুক্ত)
২. দরপত্র সিডিউলের দর দশমিকের পর দুই অংক পর্যন্ত লিখতে হবে।
৩. সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৪. কৃতকার্য দরদাতা প্রতিষ্ঠানকে ৫০০০০(পঞ্চাশ হাজার) টাকা (জামানত হিসেবে) সহ দাখিলকৃত দরের অবশিষ্ট ৫০% টাকার সাথে সরকারি নিয়ম অনুযায়ী দাখিলকৃত মোট দরের উপর VAT,TAX সহ একটি সমমূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে পরবর্তী ৩ (তিন) কার্য দিবসের মধ্যে অধ্যক্ষ,বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ ,বন্দর, নারায়ণগঞ্জ বরাবর জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করতে হবে।
৫. কার্যাদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে ভবন অপসারণের কাজ সম্পন্ন করতে হবে।
৬. নিলামকৃত ভবন অপসারনে সময় প্রতিষ্ঠানের কোন ব্যাক্তি দূর্ঘটনায় পতিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে।
৭. ভবন ভাঙ্গা এবং মালামাল অপসারনের সময় সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে হবে (ভবন অপসারনে দূর্ঘটনায় পতিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে)
৮. কার্য সমাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সমস্ত রাবিশ অপসারন করতঃ প্রতিষ্ঠান ত্যাগ করতে হবে।
৯. ভবন অপসারন করার সময় কোন প্রকার ক্ষয়ক্ষতি সাধিত হলে তার ক্ষতিপূরণ জামানত হতে কর্তন করা হবে (প্রয়োজনে জামানত বাজেয়াপ্ত হতে পারে)
১০. নিলামের সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক সম্পন্ন হবে।
১১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ অথবা বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার সর্বময় ক্ষমতা সংরক্ষন করেন।
১২. কাজ চলাকালীন সময়ে শর্তের কোন ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

মোহাম্মদ মিজানুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বন্দর গার্লস স্কুল অ্যান্ড কলেজ
বন্দর, নারায়ণগঞ্জ।